

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ২৬, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
(আইন শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ/০৯ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৫.৩২.০০১.১৬-৩১—যেহেতু, Essential Services (Second) Ordinance, 1958 (Ordinance No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ৩০ চৈত্র, ১৪০৫ বঙ্গাব্দ মোতাবেক ১৩ এপ্রিল, ১৯৯৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৭৩- আইন/৯৯-শ্রকম-৮/৮(২)/৯৯ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা ঘোষণা করিয়াছিল এবং সর্বশেষ ২৯ ত্রিশ, ১৪২৯ বঙ্গাব্দ মোতাবেক ১৩ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নম্বর ২৯১-আইন/২০২২ দ্বারা উক্ত প্রযোজ্যতা ৬ (ছয়) মাসের জন্য বর্ধিত করিয়াছিল, যাহার মেয়াদ ১২ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে উত্তীর্ণ হইবে; এবং

যেহেতু, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতার আবশ্যিকতা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু, উক্ত Ordinance এর section 3 এর sub-section (2)তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্বারা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা আরও ৬ (ছয়) মাস বর্ধিত করিল।

২। এই প্রজ্ঞাপন ১৩ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রাজা মিয়া  
উপসচিব(আইন)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
হাচিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(৩৮০৯)

মূল্য: টাকা ৮.০০